

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬২৭

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - জান্নাত ও জান্নাতবাসীদের বিবরণ

الفصل الاول (باب صفةالجنة وأهلها)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ أَدْنَى مَقْعَدِ أَحَدِكُمْ مِنَ الْجَنَّةِ أَنْ يَقُولَ لَهُ: هَلْ تَمَنَّيْتَ؟ فَيَقُولُ نَعَمْ فَيَقُولُ لَهُ: هَلْ تَمَنَّيْتَ؟ فَيَقُولُ نَعَمْ فَيَقُولُ لَهُ: فَإِنَّ لَكُ مَا تَمَنَّيْتَ وَمِثْلَه مِعَه . رَوَاهُ مُسلم

رواه مسلم (301 / 182)، (453) ۔ (صَحِیح)

বাংলা

৫৬২৭-[১৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তোমাদের মধ্যে যে লোক জানাতে সবচেয়ে নিম্নমানের হবে তাকে বলা হবে, তুমি তোমার আকাজ্জা প্রকাশ কর। তখন সে আগ্রহ প্রকাশ করবে, আরো আগ্রহ প্রকাশ করবে (বার বার)। তখন আল্লাহ তা'আলা তাকে প্রশ্ন করবেন, তোমার আকাজ্জা শেষ হয়েছে কি? সে বলবে, হ্যাঁ। অতঃপর আল্লাহ তা'আলা বলবেন, তুমি যতটুকু আশা-আকাজ্জা করেছ তা এবং তার সমপরিমাণ (দ্বিগুণ) তোমাকে দেয়া হলো। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৩৪১-(১৮২), মুসনাদে আহমাদ ৮১৫৩, বুখারী ৮০৬, সহীহুল জামি' ১৫৫৭, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৬১০, সিলসিলাতুস্ সহীহাহ ২৬০১, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৪০১৬, মুসনাদে আহমাদ ১১২৩২, আবৃ ইয়া'লা ৬৩৬০, সহীহ ইবনু হিব্বান ৭৪৩১, শুআবূল ঈমান ৩১৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২০৩৮৭।

ব্যাখ্যা



ব্যাখ্যা: জান্নাতের সর্বাপেক্ষা নিম্নমানের ব্যক্তিকেও তার আকাক্ষা অনুযায়ী নি'আমাতরাজি দেয়া হবে। সে বারবার আকাক্ষা করবে, পরিশেষে তাকে বলা হবে আরো চাও। এরপর বলা হবে, তুমি যতটুকু আশা-আকাজ্জা করেছ তা এবং তার সমপরিমাণ দ্বিগুণ তোমাকে দেয়া হবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন